



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

ইডিজিই প্রকল্পের সঙ্গে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৭ ফেব্রুয়ারি ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়ের সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল ৬ ফেব্রুয়ারি মিরপুরের ইয়ুথ টাওয়ারে এনহ্যান্সিং ডিজিটাল গভর্নমেন্টে অ্যান্ড ইকোনমি (ইডিজিই) প্রকল্প, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ইডিজিই প্রকল্প ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়সহ মোট ১০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে পৃথকভাবে এ সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং ইডিজিই প্রকল্পের পরিচালক মো. সাখাওয়াত হোসেন চুক্তিতে স্বাক্ষর করেন। এ চুক্তির আওতায় বায়োমেডিক্যাল টেকনোলজিসহ শিল্পনির্ভর ও টেকসই জীবপ্রযুক্তি ভিত্তিক শিক্ষা-গবেষণার ক্ষেত্র প্রসারিত হবে। চুক্তির স্বাক্ষরের সময় আইসিটি বিভাগের সচিব মো. শামসুল আরেফিন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক রঞ্জিত কুমার প্রমুখ উপস্থিত ছিলেন।

আজ সকাল দশটায় উপচার্য অফিসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ কর্তৃক চুক্তিতে স্বাক্ষরের সময় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, জীববিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. নুহ আলম, গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফরিদ আহমদ, রেজিস্ট্রার মো. আবু হাসান, মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ, অধ্যাপক ড. নিহাদ আদনান, অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, অধ্যাপক ড. নাফিসা আজমুদা, ড. সালমা আখতার, ভূগোল ও পরিবেশ বিভাগের সভাপতি অধ্যাপক মো. শাহেদুর রশিদ, লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ ছায়েদুর রহমান, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক শারমীন সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন। মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ড. নিহাদ আদনান এই চুক্তির ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

চুক্তি প্রসঙ্গে অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ বলেন, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে বাজারের চাহিদা অনুযায়ী পণ্য ও সেবা উৎপাদন ও জটিল সমস্যার সমাধানের লক্ষ্যে দেশের ১০টি সরকারি বিশ্ববিদ্যালয়ে অত্যাধুনিক গবেষণা ও উদ্ভাবন কেন্দ্র গড়ে তুলতে যাচ্ছে সরকার। সমঝোতা স্মারক চুক্তির আওতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও ইডিজিই আধুনিক বিজ্ঞান ভিত্তিক গবেষণার জীববিজ্ঞান অংশের অংশীদার হিসেবে কাজ করার পাশাপাশি শিল্পনির্ভর ও টেকসই জীবপ্রযুক্তিকে সম্প্রসারিত করতে কাজ করবে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

